

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৬৭

১/ বিবিধ

আরবী

خلق الورد الأحمر من عرق جبريل ليلة المعراج، وخلق الورد الأبيض من عرقى،
وخلق الورد الأصفر من عرق البراق
موضوع

رواه ابن عساكر (4 / 236 / 1) عن الحسن بن عبد الواحد القزويني: أخبرنا هشام
بن عمار: أخبرنا مالك عن الزهري عن أنس مرفوعا
قلت: وهذا حديث موضوع آفته القزويني هذا قال الذهبي: " روى في خلق الورد
الأحمر خبرا كذبا، وهو غير معروف ". وقال ابن عساكر عقب الحديث: " قرأت بخط
عبد العزيز الكتاني: قال لي أبو النجيب الأرموي: " هذا حديث موضوع، وضعه من لا
علم له، وركبه على هذا الإسناد الصحيح ". وأقره الحافظ ابن حجر في " لسان
الميزان

বাংলা

৭৬৭। লাল গোলাপ ফুলকে মি'রাজের রাতে জিবরীল (আঃ)-এর ঘাম হতে সৃষ্টি করা হয়েছে। সাদা গোলাপকে আমার ঘাম হতে সৃষ্টি করা হয়েছে। আর হলুদ বর্ণের গোলাপকে বুরাকের ঘাম হতে সৃষ্টি করা হয়েছে।

হাদীছটি জাল।

এটি ইবনু আসাকির (৪/২৩৬/১) হাসান ইবনু আব্দিল ওয়াহেদ আল-কাযবীনী হতে তিনি হিশাম ইবনু আম্মার হতে তিনি মালেক হতে তিনি যুহরী হতে তিনি আনাস (রাঃ) হতে মারফু' হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ হাদীছটি বানোয়াট। তার সমস্যা হচ্ছে কাযবীনী। যাহাবী বলেনঃ তিনি লাল গোলাপ ফুল সৃষ্টি সম্পর্কে মিথ্যা হাদীছ বর্ণনা করেছেন। তিনি পরিচিত নন।

ইবনু আসাকির হাদীছটির শেষে বলেনঃ আমি আব্দুল আযীয আল-কাত্তানীর লিখায় পড়েছি, তিনি বলেনঃ আমকে আবুন নাজীব আল-আরমুবী বলেছেনঃ এ হাদীছটি বানোয়াট। জ্ঞানহীন ব্যক্তি জাল করে এর উপর সহীহ সনদ জড়িয়ে দিয়েছেন।

হাফয ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে তার বক্তব্যকে সমর্থন করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71646>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন